গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ের মার্চ/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

তারিখ : ২০/০৩/২০১৯ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভাপতি : জনাব মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী, ভারপ্রাপ্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।

**সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আছে।**

সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়। অতপর অতিরিক্ত সচিব (প্রশাসন) গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা (এপিএ), ইনোভেশন এবং এনআইএস | **আলোচনা:**<br>(ক) ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। অধীনস্থ দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;<br>(খ) ২০১৮-১৯ অর্থ বছরের এপিএ এর ২য় ত্রৈমাসিক রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে হার্ড কপি এবং সফট কপি প্রেরণ করা হয়েছে;<br>(গ) বর্তমানে এপিএ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত একজন উপসচিবকে দায়িত্ব প্রদান করা হয়েছে। ১৫/০৪/২০১৯ তারিখের মধ্যে এপিএ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে সংস্থা/দপ্তরসমূহ হতে এপিএ এর তথ্য সংগ্রহ করতে হবে; এবং<br>(ঘ) ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার NIS এর কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সম্পর্কে করণীয় কি এবং বাস্তবে কি করা হয়েছে সে বিষয়ে জরুরিভিত্তিতে একটি সভা অনুষ্ঠান করতে হবে;<br>(খ) ১৫/০৪/২০১৯ তারিখের মধ্যে এপিএ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;<br>(গ) ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গুরুত্ব সহকারে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন; এবং<br>(ঘ) করণিক ভুলের কারনে উল্লিখিত ৮০০টি মৌজার পরিবর্তে ১০০টি মৌজার জরিপ কার্যক্রম গ্রহণ করার বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে যোগাযোগ করে সংশোধন করতে হবে। | অতিঃসচিব (উন্নয়ন)/ যুগ্মসচিব (বাজেট)/ ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড/ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর/ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| ০২ | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত | **আলোচনা:**<br>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অনলাইনে/ফেসবুকের মাধ্যমে প্রেরিত অভিযোগগুলো মেইল চেক করে বিবেচনায় নেয়ার বিষয়টি সভায় আলোচনা হয়। ফেব্রুয়ারি/২০১৯ মাসে পত্রযোগে ০৬টি এবং অনলাইনে ০৩টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত ০৯টি অভিযোগই নিস্পত্তি করা হয়;<br>**সিদ্ধান্ত:**<br>(ক) এ মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা/অধিশাখা আলাদা আলাদা রেজিস্টারে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির তালিকা সংরক্ষণ করবে এবং প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রতিবেদন জমা দিবে এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা সকল প্রতিবেদন একত্রিত করে যথাযথ/সঠিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে এবং ওয়েব সাইটে প্রকাশ করবে ;<br>(খ) জিআরএস সংক্রান্ত প্রতিবেদন ছাড়াও বিভিন্ন শাখায়/অধিশাখায় নিষ্পত্তিকৃত অন্যান্য অভিযোগের বিষয়ে আলাদা প্রতিবেদন প্রদান করতে হবে;<br>(গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা অনলাইনে/ফেসবুকের মাধ্যমে প্রেরিত অভিযোগগুলো মেইল চেক করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;<br>(ঘ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার এবং ওয়েবসাইট হালনাগাদ করতে হবে;<br>(ঙ) অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থা অভিযোগকারীগণকে পত্রের অনুলিপি প্রদানের মাধ্যমে অবহিত করতে হবে; এবং | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ সকল শাখা/ অধিশাখা/ উপসচিব (প্রশাসন) |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (চ) ভূমি মনত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর দপ্তর থেকে প্রাপ্ত অভিযোগগুলোর বিষয়ে যথাযথ ব্যবস্থ গ্রহণ করতে হবে। | |
| ০৩ | ই-ফাইলিং ও ই-টেন্ডারিং | **আলোচনা:**<br>ই-ফাইলিং এবং ই-টেন্ডারিং এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ফেব্রুয়ারি/২০১৯ মাসে ভূমি মন্ত্রণালয়ের অবস্থান ২৮তম (৫৮ টি প্রতিষ্ঠানের মধ্যে)।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) মন্ত্রণালয়ে ই-ফাইলিং এর কাজের গতি আরও বাড়াতে হবে। প্রতিদিন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ http://nothi.gov.bd ভিজিট করে নিজস্ব একাউন্টে প্রবেশ করবেন এবং পত্র নিষ্পত্তি করবেন। পত্র থেকে নোট তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে পত্র জারীর মাধ্যমে নিষ্পত্তি করবেন। ই-ফাইলিংয়ে কোন ক্রমেই পত্র বা নথি দীর্ঘ সময় নিষ্পত্তি না করে ফেলে রাখা যাবে না। বাস্তবভিত্তিক পত্র/নথি ই-ফাইলিংয়ের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। ই-ফাইলিং এর রিপোর্টে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার রিপোর্টগুলিও অন্তর্ভুক্ত করতে হবে;<br>(খ) মন্ত্রণালয়ের প্রশাসন উইং এবং উন্নয়ন উইংসহ সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিংয়ের মাধ্যমে পত্র জারি আরও বাড়াতে হবে;<br>(গ) ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করার জন্য প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ে সিস্টেম এনালিস্ট একটি প্রশিক্ষণের আয়োজন করবে;<br>(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ই-টেন্ডারিং কার্যক্রম যথাযথভাবে গ্রহণ করতে হবে;<br>(ঙ) ই-টেন্ডারিং এর বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজন হলে সিপিটিইউতে প্রশিক্ষনের জন্য প্রেরণ করতে হবে;<br>(চ) বর্তমান মাসে মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা/অধিশাখা ০৫(পাঁচ)টি করে পত্র ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে; এবং<br>(ছ) আগামী মাসে সকল শাখা/অধিশাখা কতটি পত্র ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করেছে তার হিসেব প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে। | অতিঃসচিব (উন্নয়ন)/ অতিরিক্ত সচিব (প্রশাসন) /প্রোগ্রামার/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
| ০৪ | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের শূন্যপদ পূরণ | **আলোচনা:**<br>৩য় ও ৪র্থ শ্রেণির সকল শূন্যপদ পূরণের বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। ৩য় শ্রেণির ৪(চার) ক্যাটাগরির শূন্য পদে আবেদনকারীদের লিখিত পরীক্ষা ০৩/০৩/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত হয়েছে এবং লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষাও অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞ আইনজীবীর সঙ্গে পরমর্শক্রমে এ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১২৩৭২/২০১৭ নম্বর রিট মামলার দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে উল্লেখিত রীট পিটিশনের আর্জি, আদেশ এবং খসড়া জবাবের কপি প্রেরণপূর্বক উল্লিখিত নিয়োগ কার্যক্রম গ্রহণে আইনগত কোন প্রতিবন্ধকতা/সমস্যা আছে কিনা সে বিষয়ে মতামত দেয়ার জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হয়েছে। আইন ও বিচার বিভাগ থেকে এখনও এ বিষয়ে মতামত পাওয়া যায়নি।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) রিট পিটিশনের আদেশের প্রেক্ষিতে নিয়োগ কার্যক্রম গ্রহণে আইনগত কোন প্রতিবন্ধকতা/সমস্যা আছে কিনা সে বিষয়ে মতামত সংগ্রহের জন্য আইন ও বিচার বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; এবং<br>(খ) যেসব ক্ষেত্রে আইনগত প্রতিবন্ধকতা নেই সেক্ষেত্রে দ্রুত শূন্যপদে নিয়োগদানের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (আইন)/অতিরিক্ত সচিব (মাঠপ্রশাসন)/ যুগ্মসচিব (প্রঃ)/যুগ্মসচিব (জরিপ)/ হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) |
| ০৫ | সকল ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস স্থাপনের জন্য পদ সৃজন | **আলোচনা:**<br>প্রতিটি ইউনিয়নে একটি ইউনিয়ন ভূমি অফিস স্থাপনের নিমিত্ত ১৩১০টি ইউনিয়ন ভূমি অফিস স্থাপন ও ৫২৪০টি পদ সৃজনের প্রস্তাব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৬/০৮/২০১৮ তারিখের ৪৩১ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/১০/১৮ খ্রিঃ তারিখের ১৪৩ নম্বর স্মারকে নির্দিস্ট চেকলিস্টের ৫(ক), (গ) ও ১১(খ) পূরণপূর্বক প্রস্তাবিত পদসমূহ নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করে নিয়োগ বিধিমালার কপিসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেছে। ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের নতুন করে নিয়োগ বিধি প্রণয়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের ২৭/১২/২০১৮ তারিখের ৬৮০ ও ৬৮১ নম্বর স্মারকে ব্যবস্থাপনা বিভাগের "ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮" ও "ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা-২০১৮" এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। নিয়োগ বিধিমালা প্রণয়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ২০/০১/২০১৯, ৩১/০১/২০১৯ এবং ১০/০৩/২০১৯ তারিখে তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে। খুব দ্রুতই নিয়োগ বিধিমালা প্রণয়ন করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | ভূমি সংস্কার বোর্ড/ মাঠ প্রশাসন-২ অধিশাখা |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত:**<br>(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(খ) ঢাকা মহানগরীসহ অন্যান্য মহানগরীতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী কমিশনার (ভূমি) ও অন্যান্য পদ সৃষ্টির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৬ | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারদের নিয়োগবিধি সংশোধন | **আলোচনা:**<br>ভূমি মন্ত্রণালয়ের ২৭/১২/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ৬৮০ নম্বর স্মারকে "ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮" এবং ২৭/১২/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ৬৮১ নম্বর স্মারকে "ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ প্রশাসনের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা-২০১৮" এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। নিয়োগ বিধিমালা প্রণয়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ২০/০১/২০১৯, ৩১/০১/২০১৯ এবং ১০/০৩/২০১৯ তারিখে তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে। খুব দ্রুতই নিয়োগ বিধিমালা প্রণয়ন করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ মহাপরিচালক,ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর/ অতিঃ সচিব (মাঠ প্রশাসন এবং কাউন্সিল ও সমন্বয়)/ যুগ্মসচিব (জরিপ)/ উপসচিব (মাঠ প্রশাসন-২)/ উপসচিব (জরিপ-১) |
| ০৭ | জরিপ বিভাগের শূন্যপদ পুরণ ও অন্যান্য কার্যক্রম | **আলোচনা:**<br>(ক) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নিয়োগ বিধিমালা ২০১৯ সংশোধিত আকারে প্রস্তাব প্রেরণ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে;<br>(খ) জোনাল সেটেলমেন্ট অফিস ও উপজেলা সেটেলমেন্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারিগণের নিয়োগবিধিমালা-২০১৮ অনুমোদনের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে প্রেরন করা হয়েছে। সেটেলমেন্ট প্রেসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা ২০১৯ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সেটেলমেন্ট অফিস, দিয়ারা অপারেশন এর কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা-২০১৮ যথাযথ পরীক্ষা করে পুনরায় সংশোধিত নিয়োগ বিধিমালা প্রেরণ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে;<br>(গ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সকল যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্তির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে;<br>(ঘ) পদোন্নতির ব্যাপারে দায়েরকৃত এ.টি মামলার প্রতি যথাযথ দৃষ্টি রাখা হচ্ছে;<br>(ঙ) দেশব্যাপী ডিজিটাল জরিপ কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্প পরিচালক যোগদানের জন্য আদেশাধীন; এবং<br>(চ) দেশব্যাপী ডিজিটাল জরিপ কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে Establishement of Digital Land Management System (DLMS) through Digital Survey and Settlement Operations শীর্ষক একটি প্রকল্প মন্ত্রণালয়ে দাখিল ও বিবেচনাধীন রয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নিয়োগ বিধিমালা ২০১৯ সংশোধিত আকারে আগামী ০১(এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;<br>(খ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সকল যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্তির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(গ) পদোন্নতির ব্যাপারে দায়েরকৃত এ.টি মামলার প্রতি যথাযথ দৃষ্টি দিতে হবে; এবং<br>(ঘ) দেশব্যাপী ডিজিটাল জরিপের প্রকল্প রিভাইসের বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক (ভূরেজ)/অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ অতিরিক্ত সচিব (জরিপ) |
| ০৮ | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের কার্যক্রম ত্বরান্বিতকরণ | **আলোচনা:**<br>মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা নিজ নিজ শাখা/অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করেননি তাঁরা পরবর্তী সভার পূর্বেই সচিবালয় নির্দেশমালা মোতাবেক স্ব স্ব শাখা/ অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করে প্রতিবেদন অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার নিকট দাখিল করার বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) যে সকল কর্মকর্তা নিজ নিজ শাখা/অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করেননি তাঁরা পরবর্তী সভার পূর্বেই সচিবালয় নির্দেশমালা মোতাবেক স্ব স্ব শাখা/ অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করে প্রতিবেদন অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার নিকট দাখিল করবেন;<br>(খ) পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করে দিক্- নির্দেশনা প্রদানের জন্য প্রয়োজনে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে;<br>(গ) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ২(দুই) মাস অন্তর অন্তর মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন করবেন;<br>(ঘ) ভূমি সংস্কার বোর্ড মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করে | চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর/ অতিঃসচিব (মাঠপ্রশাসন)/ অতিরিক্ত সচিব (প্রঃ)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ভূমি মন্ত্রণালয় |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; এবং<br>(ঙ) অন্যান্য সংস্থা ও দপ্তরের কর্মকর্তাগণ নিয়মিতভাবে মাঠ পর্যায়ের দপ্তর পরিদর্শন করবেন এবং প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে দিবেন। | |
| ০৯ | কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলা | **আলোচনা:**<br>**প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখাঃ**<br>জানুয়ারি/১৯ মাসের বিভাগীয় মামলার জের-৮২টি<br>ফেব্রুয়ারি/১৯ মাসে রুজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা-০৩টি<br>ফেব্রুয়ারি/১৯ মাস শেষে নিস্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা-২টি<br>ফেব্রুয়ারি/১৯ মাস শেষে অনিস্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা-৮৩টি<br>**সিদ্ধান্ত:**<br>(ক) প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখা কেস ডায়েরির মাধ্যমে বিভাগীয় মামলাসমূহ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করবে;<br>(খ) বিভাগীয় মামলার অভিযোগনামা অভিযোগ বিবরনী সরাসরি সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে;<br>(গ) বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নূন্যতম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পিআরএল-এর তারিখ উল্লেখ করতে হবে;<br>(ঘ) বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন পাওয়া না গেলে ৩০ দিন পর তাগিদ দিতে হবে। দুইবার তাগিদ দেয়ার পর প্রতিবেদন প্রেরণ না করার কারন ব্যাখ্যা করতে হবে;<br>(ঙ) চলমান কোন বিভাগীয় মামলায় আর্থিক সংশ্লেষ থাকলে পিআরএল-এর সময় মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে বিভাগীয় মামলা চালাতে হবে;<br>(চ) জরিপ সংক্রান্ত বিভাগীয় মামলার নথি হারানোর বিষয়টি প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখা পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে; এবং<br>(ছ) বিভাগীয় মামলার ডাটা বেইজ তেরি করতে হবে। | প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখা/ জরিপ-১ অধিশাখা |
| ১০ | ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট চলমান রীট (Writ) মামলার তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ | **আলোচনা:**<br>(ক) মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ যেমনঃ কানুনগো ও সার্ভেয়ারদের সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ, কনটেম্পট মোকদ্দমাসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ আলাদাভাবে এন্ট্রি করে ফলো-আপ এর কার্যক্রম ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে এবং তা চলমান রয়েছে;<br>(খ) অধ্যাদেশসমূহ আইনে পরিনত করার লক্ষ্যে সংশ্লিষ্ট শাখাসমূহে কার্যক্রম চলমান রয়েছে; এবং<br>(গ) ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৫টি আইন ইতোমধ্যে বাংলায় ভাষান্তর করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ যেমনঃ-কানুনগো ও সার্ভেয়ারদের সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ, কনটেম্পট মোকদ্দমাসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মোকদ্দমা আলাদাভাবে এন্ট্রি করে ফলো-আপ করতে হবে;<br>(খ) ভূমি সংক্রান্ত প্রয়োজনীয় আইনগুলো বাংলা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;<br>(গ) ভুয়া চিঠির মাধ্যমে নাটোরের রানীর দিঘি বেহাত হওয়ার বিষয়টির তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে;<br>(ঘ) ভূমি মন্ত্রণালয়ের বিভিন্ন মামলায় নিয়োজিত আইনজীবী যেন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার পক্ষে কাজ করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(ঙ) ১১১টি কনটেম্পট মোকদ্দমার ডাটাবেইজ তৈরি করতে হবে এবং প্রত্যেকটি মামলায় মাননীয় আদালতের নির্দেশ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (আইন)/ অতিরিক্ত সচিব (খাসজমি)/ অতিরিক্ত সচিব (জরিপ)/ সিস্টেম এনালিস্ট |
| ১১ | কৃষি জমি সুরক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | **আলোচনা:**<br>এ বিষয়ে বিগত ১২/০৯/২০১৮ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি জমি সুরক্ষা আইন-২০১৮ সংশোধন করা হয়েছে। সংশোধিত আইনের খসড়ার কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রমিতীকরণের পর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব এঁর সভাপতিত্বে ১০/০১/২০১৯ তারিখে আইনের খসড়ার উপর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় আইনটির উপর কতিপয় সংশোধন করার সুপারিশ করা হয়। সভার কার্যবিবরণী পাওয়া গেছে। সুপারিশ মোতাবেক আইনটি সংশোধন ও খসড়া আইনের অন্যান্য বিষয়গুলো পর্যালোচনার জন্য গত ২৩/০১/২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ও আইনের সংশোধিত খসড়া নথিতে উপস্থাপন করা হয়েছে। সভায় প্রস্তাবিত আইনটি কৃষি জমি সুরক্ষা ও ভূমি ব্যবহার আইন, ২০১৯ নামে পুনর্গঠন করনের সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী আইনের খসড়া সংশোধন করত: পুনর্গঠিত আইনটির উপর | চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ আইন উইং-১/ আইন উইং-২/ উন্নয়ন উইং |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত চাওয়া হয়েছে। মতামত প্রাপ্তির পর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।<br>**সিদ্ধান্ত:**<br>কৃষি জমি সুরক্ষা আইন-২০১৮ দ্রুত চূড়ান্ত করতে হবে। | |
| ১২ | মন্ত্রণালয়ের নিরীক্ষা কার্যক্রমের তথ্য | **আলোচনা:**<br>অডিট আপত্তির বিষয়ে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়টি সভায় আলোচনা হয়। অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) অডিট আপত্তির বিষয়ে প্রতি মাসে ০৪(চার)টি করে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(খ) মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিয়ে আলাদা সভার আয়োজন করতে হবে; এবং<br>(গ) নির্ধারিত ছকে অডিট আপত্তির তথ্য সভায় পেশ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট)/ হিসাব নিয়ন্ত্রক রাজস্ব |
| ১৩ | হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের নিরীক্ষা কার্যক্রমের তথ্য | **আলোচনা:**<br>সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) বিভাগীয় এবং জেলা অফিস পরিদর্শন কার্যক্রম অব্যাহত রেখেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>(ক) অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন সচিব মহোদয় বরাবর ১২/০৮/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ প্রেরণ করা হয়েছে; এবং<br>(খ) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ তার আওতাধীন জেলাসমূহ নিয়মিতভাবে পরিদর্শন করছেন। জুলাই/২০১৮ মাসের দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন এবং অডিট আপত্তির নিস্পত্তির বিবরণ উপস্থাপন করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) অনিস্পত্তিকৃত ৫,৪৩৭ টি অডিট আপত্তি কি পদ্ধতিতে অগ্রসর হলে নিস্পত্তি করা যাবে সে বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হ'ল :<br>১) যুগ্মসচিব (বাজেট ও অডিট) , ভূমি মন্ত্রণালয় - সভাপতি<br>২) উপসচিব (মাঠ প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয় - সদস্য<br>৩) হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় - সদস্য<br>৪) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয় - সদস্য-সচিব<br>(খ) উক্ত কমিটি দ্রুত সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;<br>(গ) আর্থিক সংশ্লেষসহ অডিট আপত্তি নিস্পত্তির প্রতিবেদন প্রতি ১৫(পনের) দিন অন্তর অন্তর ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে;<br>(ঘ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)সহ অন্যান্য কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শনের বিস্তারিত তথ্য (কোন কর্মকর্তা কত তারিখে কোন অফিস পরিদর্শন করছেন) আগামী সভায় উপস্থাপন করতে হবে;<br>(ঙ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের জেলাওয়ারি বিস্তারিত নিরীক্ষা প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>(চ) আর্থিক সংশ্লেষসহ নিস্পত্তিকৃত অডিট আপত্তি এবং অনিস্পত্তিকৃত অডিট আপত্তির বিস্তারিত বিবরণ সভায় উপস্থাপন করতে হবে; এবং<br>(ছ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) কার্যালয়ের বাংলাদেশ সচিবালয়স্থ অংশটি ৭১, পুরানা পল্টনে দ্রুত স্থানান্তর করতে হবে। | হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) |
| ১৪ | ভূমি আপীল বোর্ডের কার্যক্রম | **আলোচনা:**<br>ফেব্রুয়ারি/২০১৯ মাসের মামলার তথ্য নিম্নরূপঃ<br>১। বিগত মাসের জের ১২৭টি<br>মার্চ/২০১৯ এ দায়ের ০২টি<br>মোট ঃ ১২৯টি<br>২। খারিজ ০৩টি<br>৩। সংশোধনের আদেশ ০টি<br>৪। অনিস্পন্ন ১২৬টি<br>**সিদ্ধান্ত:**<br>(ক) ভূমি আপীল বোর্ডে SA&T Act এর ১৪৯(৪) ধারায় কয়টি মামলা দায়ের হয়েছে, কয়টি খারিজ হয়েছে, কয়টিতে রেকর্ড সংশোধনের আদেশ হয়েছে তার মাসিক তথ্য প্রেরণ করতে হবে; | চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/আইন-৩ অধিশাখা |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (খ) ভূমি আপীল বোর্ডে SA&T Act এর ১৪৯(৪) ধারা ব্যতীত অন্যান্য মামলার তথ্যও প্রেরণ করতে হবে; এবং<br>(গ) ভূমি আপীল বোর্ডের মোকদ্দমাসমূহের শুনানির তারিখ যথাসম্ভব স্বল্পসময় পরপর দিতে হবে এবং মামলা নিষ্পত্তিতে গতিশীলতা আনতে হবে। | |
| ১৫ | ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় দিক্-নির্দেশনা মোতাবেক আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে করণীয় কার্যক্রমসহ অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) নতুন আইন প্রণয়ন এবং বিদ্যমান আইন/অধ্যাদেশ সংশোধন/ সংযোজন/বাংলাকরনের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কোর কমিটি গঠন করা হয়:<br>১) অতিরিক্ত সচিব (আইন) - সভাপতি<br>২) সকল অনুবিভাগ প্রধান - সদস্য<br>৩) যুগ্মসচিব (আইন-৪) - সদস্য<br>৪) উপসচিব (আইন-১) - সদস্য-সচিব | অতিরিক্ত সচিব(আইন) / সকল উইং প্রধান/ যুগ্মসচিব(আইন-৪)/ উপসচিব (আইন-১) |
| | | (খ) ভূমি মন্ত্রণালয়ের জন্য হট লাইন স্থাপনের কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে। | প্রশাসন উইং |
| | | (গ) "ভূমি সেবা সপ্তাহ" পালনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। "ভূমি সেবা সপ্তাহ" পালনের জন্য ভূমি সংস্কার বোর্ড প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবে। | ভূমি সংস্কার বোর্ড/ যুগ্মসচিব (মাঠ প্রশাসন) |
| | | (ঘ) ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে বিষয় নির্ধারণপূর্বক একটি কর্মশালার আয়োজন করতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভূমি সংস্কার বোর্ড |
| | | (ঙ) জরিপ সংক্রান্ত বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| | | (চ) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র দ্রুত একটি কর্মশালার আয়োজন করবে। | পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| | | (ছ) ভূমিহীন/গৃহহীনদের মধ্যে মালিকানা দলিল/গৃহ হস্তান্তর বিষয়ে জরুরি ভিত্তিতে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ/ প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম প্রকল্প |
| | | (জ) অর্ধ-বার্ষিক "ভূমি বার্তা" প্রকাশের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হল:<br>১) অতিরিক্ত সচিব (উন্নয়ন) - সভাপতি<br>২) ভূমি মন্ত্রনালয়ের আওতাধীন সকল সংস্থা/দপ্তরের প্রতিনিধি - সদস্য<br>৩) উপসচিব (সায়রাত-১) - সদস্য<br>৪) উপসচিব (কাউন্সিল ও সমন্বয়) - সদস্য<br>৫) উপসচিব (মাঠ প্রশাসন) - সদস্য<br>৬) জনসংযোগ কর্মকর্তা - সদস্য-সচিব | সংশ্লিষ্ট কমিটি |
| | | (ঝ) ভূমি মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগ থেকে বিভিন্ন তথ্য সম্বলিত একটি বুকলেট/ব্রুসিয়ার তৈরি করতে হবে। মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/ দপ্তর এ বিষয়ে তথ্য (ছবিসহ) প্রদান করবে। | উন্নয়ন অনুবিভাগসহ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতধীন বিভিন্ন সংস্থা/ দপ্তর |
| | | (ঞ) ভূমি সংক্রান্ত বিষয়ে Documentary এবং নাটিকা তৈরির জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়:<br>১) অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় - সভাপতি<br>২) প্রকল্প প্ররিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মান (৬ষ্ঠ পর্ব) প্রকল্প - সদস্য<br>৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় - সদস্য<br>৪) প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম প্রকল্প - সদস্য<br>৫) মন্ত্রণালয়ের সকল সংস্থা/দপ্তর এর ০১(এক) জন করে প্রতিনিধি - সদস্য<br>৬) উপসচিব (মাঠ প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয় - সদস্য-সচিব<br>মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তর এ বিষয়ে আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য (ছবিসহ) প্রদান করবে। | মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতধীন বিভিন্ন সংস্থা/ দপ্তর |
| | | (ট) টেরাটেক-এর প্রস্তাবনা যাচাই-বাছাই/মূল্যায়ন করে তিনদিনের মধ্যে প্রতিবেদন দিতে নিম্নোক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়:<br>১) প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মান (৬ষ্ঠ পর্ব) প্রকল্প<br>২) সিস্টেম এনালিষ্ট (উপসচিব), ভূমি মন্ত্রণালয়<br>৩) উপসচিব (কাউন্সিল ও সমন্বয়), ভূমি মন্ত্রণালয়<br>৪) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৪, ভূমি মন্ত্রণালয়। | |

| নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৬ | পেন্ডিং লিস্ট | **আলোচনা:**<br>পেন্ডিং লিস্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ভূমি মন্ত্রণালয় বরাবরে অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর/অধিদপ্তর/বোর্ডের পেন্ডিং এবং অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/বোর্ডের কাছে ভূমি মন্ত্রণালয়ের পেন্ডিং লিস্ট তৈরি করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) পেন্ডিং লিস্ট তৈরির সময় যেন কোন চিঠি-পত্র বাদ না পড়ে সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে;<br>(খ) সচিবালয় নির্দেশমালা মোতাবেক চিঠি-পত্রসমূহ উপস্থাপন করতে হবে। বিলম্বে উপস্থাপনের জন্য দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) ভূমি মন্ত্রণালয়ের নিকট অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/বোর্ডের পেন্ডিং এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর/বোর্ডের নিকট ভূমি মন্ত্রণালয়ের পেন্ডিং তালিকা তৈরি করে উল্লিখিত ছক মোতাবেক প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ অধিশাখা/শাখা |

**"ছক"**

| শাখা/ অধিশাখা/ দপ্তর | গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | মোট পেন্ডিং এর সংখ্যা | আলোচ্য মাসে নিস্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিস্পন্ন | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে | দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে | এক মাসের অধিক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৭ | **বিবিধ আলোচনা** | **বিবিধ বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:** | |
| (ক) | ভূমি মন্ত্রণালয়ের কার্যক্রমের বিষয়ে একটি মাস্টার প্লান তৈরি করার বিষয়ে সভায় আলোচনা হয়। মাস্টার প্ল্যান তৈরির বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩/০১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়-কে আহবায়ক করে একটি সুপারভাইজারি কমিটি এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে আহবায়ক করে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। গত ২৮/০১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে ওয়ার্কিং কমিটি গঠন আদেশ জারি করা হয়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর নেতৃত্বে গঠিত কমিটি ভূমি মন্ত্রণালয়ের মাস্টার প্লান তৈরির বিষয়ে আলাদাভাবে সভা করে প্রয়োজনীয় বাজেটের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ উপপ্রধান |
| (খ) | ভূমি মন্ত্রণালয় থেকে জারিকৃত পত্রসমূহ মন্ত্রণায়ের ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ভূমি মন্ত্রণালয় থেকে জারিকৃত নীতি নির্ধারনী পত্রসমূহ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার জন্য সিস্টেম এনালিস্ট এর কাছে প্রেরণ করতে হবে এবং সকল সরকারী দপ্তরে ইমেইলের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট / সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| (গ) | সহকারী কমিশনার (ভূমি) দের জন্য যে সকল নতুন পদ (নতুন অফিস) সৃষ্টি করা হচ্ছে সে সকল নতুন পদ (নতুন অফিস) এর সাংগঠনিক কাঠামোতে ডাবল কেবিন পিক আপ অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি)-র কার্যালয়ের জন্য ১৭টি ডাবল কেবিন পিকআপ টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭/১০/১৮ তারিখের ১৩৯ নং স্মারকে কিছু তথ্যাদি চাওয়া হয়েছে। তদপ্রেক্ষিতে এ অধিশাখার ১১/১২/২০১৮ খ্রি. তারিখের ৬৫৪, ৬৫৫ ও ৬৫৬ নম্বর স্মারকে চাহিত তথ্য প্রেরণের জন্য জেলা প্রশাসক, সিলেট/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/ চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে। ইতোমধ্যে টেলিফোনেও উক্ত তথ্য প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হয়েছে।<br>(২) "ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮"-তে সহকারী কমিশনার র কার্যালয়ে সরবরাহকৃত-(ভূমি)ডাবল কেবিন পিকআপ এর -গাড়ি চালক পদটি অন্তর্ভুক্ত করে নিয়োগ বিধি প্রণয়নের কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ে চলমান রয়েছে। | যুগ্মসচিব (মাঠ প্রশাসন)/ উপসচিব (মাঠ প্রশাসন) |
| (ঘ) | সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ সংশোধনের লক্ষ্যে ১৪/০৩/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মতে জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ সংশোধনপূর্বক প্রস্তাবিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০১৮ প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং | সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০১৮ (খসড়া) মন্ত্রিসভা বৈঠকে চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে সচিব মহোদয় নীতির খসড়াটির Power Point- এ উপস্থাপন করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সায়রাত) |

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | তা মন্ত্রিপরিষদ বৈঠকে সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হবে। | | |
| (ঙ) | কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেটের রিটেইনেবল সম্পত্তি ১ নম্বর খাস খতিয়ানভুক্তকরণের পরিপ্রেক্ষিতে এস্টেট-এর ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের আত্মীকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ সংক্রান্তে একটি সভা করার বিষয়ে আলোচনা হয়। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী ভূমি সংস্কার বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং জেলা প্রশাসক, ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, ময়মনসিংহ এর নিকট তথ্য চাওয়া হয়েছে। | ভূমি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী ভূমি সংস্কার বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং জেলা প্রশাসক, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ময়মনসিংহ এর নিকট তথ্য চাওয়া হয়েছে। ইতোমধ্যে জেলা প্রশাসক, গাজীপুর/ নরসিংদী/ নারায়ণগঞ্জ ও মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হতে তথ্যাদি পাওয়া গেছে। প্রাপ্ত তথ্যাদির আলোকে এ বিষয়ে একটি সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য নথিতে পেশ করা হয়। | ভূমি সংস্কার বোর্ড/ অতিরিক্ত সচিব (মাঠ প্রশসান) |
| (চ) | গাজীপুর জেলাধীন ভাওয়াল রাজ স্টেটের প্রজাবিলি জমির বিষয়ে সভায় আলোচনা হয়। | | অতিরিক্ত সচিব (মাঠপ্রশাসন)/ উপসচিব (মাঠপ্রশাসন-২) |
| (ছ) | গাজীপুর জেলাধীন বন বিভাগের জমির বিষয়ে সভায় আলোচনা হয়। | | অতিরিক্ত সচিব (মাঠপ্রশাসন)/ উপসচিব (মাঠপ্রশাসন-২) |
| (জ) | ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য আইন/অধ্যাদেশ তৈরি করে খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত। | ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য আইন/অধ্যাদেশ তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এলএটিসি) |
| (ঝ) | মন্ত্রণালয়ের বিভিন্ন উইং এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার গত ১০(দশ) বছরের সাফল্য এবং ভবিষ্যতে কি ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা যায় তা নিয়ে উন্নয়ন উইং একটি প্রতিবেদন তৈরি করবে। প্রশাসন উইং এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে। | মন্ত্রণালয়ের বিভিন্ন উইং এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার গত ১০(দশ) বছরের সাফল্য এবং ভবিষ্যতে কি ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা যায় তা নিয়ে উন্নয়ন উইং একটি প্রতিবেদন তৈরি করবে। প্রশাসন উইং এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/অতিরিক্ত সচিব (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী)
ভারপ্রাপ্ত সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৩৫.১৬.০১৩.১৪(অংশ)-৪৬৪/১(৫০)

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড।
০২। অতিরিক্ত সচিব, ..................(সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও , ঢাকা।
০৪। যুগ্মসচিব, .........................(সকল), ভূমি মন্ত্রণালয়।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, ৩/এ নীলক্ষেত বাবুপুরা, ঢাকা।
০৬। প্রকল্প পরিচালক (ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রকল্প), ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৮। উপসচিব, .......................... (সকল)/ উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয়।
০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান .........(সকল), ভূমি মন্ত্রণালয়।
১১। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
১৪। সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। অফিস কপি।

২১/০৩/১৯
(আফরোজা আক্তার)
সহকারী সচিব (প্রশাসন)
ফোন-৯৫৪৬১০৪